# নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯

( ২০০৯ সনের ৫ নং আইন )

**(২০১৩ সাল পর্যন্ত সংশোধিত)**

# নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯

( ২০০৯ সনের ৫ নং আইন )

[ফেব্রুয়ারি ২৪, ২০০৯]

## সূচিপত্র


১. সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

২. সংজ্ঞা

৩. নির্বাচন কমিশন সচিবালয়

৪. নির্বাচন কমিশন সচিবালয়ের দায়িত্ব

৫. নির্বাচন কমিশন সচিবালয়ের নিয়ন্ত্রণ

৬. নির্বাচন কমিশন সচিবালয়ের কার্যপদ্ধতি

৭. নির্বাচন কমিশনের আর্থিক স্বাধীনতা

৮. সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয়

৯. নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ

১০. রাষ্ট্রপতি কর্তৃক নির্বাচন কমিশনকে অন্যান্য প্রয়োজনীয় কর্মচারী প্রদান

১১. কর্মকর্তা ও কর্মচারীগণের চাকুরীর সাধারণ শর্তাবলী

১২. বেতন, ইত্যাদি সম্পর্কে বিধান

১৩. শৃংখলামূলক ব্যবস্থা

১৪. সচিবের প্রশাসনিক দায়িত্ব

১৫. নির্বাচন কমিশন সচিবালয়ের সহিত যোগাযোগ

১৬. অর্থ ব্যয়

১৭. নির্বাচন কমিশনের সাংগঠনিক কাঠামো

১৮. অবগতিমূলক কর্মসূচী

১৯. বিধি প্রণয়নের ক্ষমতা

২০. রহিতকরণ ও হেফাজত

# নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯

( ২০০৯ সনের ৫ নং আইন )

[ফেব্রুয়ারি ২৪, ২০০৯]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন দায়িত্ব পালনের ক্ষেত্রে স্বাধীন এবং স্বাধীনভাবে দায়িত্ব পালনের লক্ষ্যে উহার জন্য একটি স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা করিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন দায়িত্ব পালনের ক্ষেত্রে স্বাধীন এবং স্বাধীনভাবে দায়িত্ব পালনের লক্ষ্যে উহার জন্য একটি স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা করা আবশ্যক;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। (১) এই আইন নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা ০৯ মার্চ ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "কর্মকর্তা বা কর্মচারী" অর্থ নির্বাচন কমিশন সচিবালয়ের অধীন নিযুক্ত কোন কর্মকর্তা বা কর্মচারী;

(খ) "নির্বাচন কমিশন" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(গ) "নির্বাচন কমিশন সচিবালয়" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন সচিবালয়;

(ঘ) "প্রধান নির্বাচন কমিশনার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী নিযুক্ত প্রধান নির্বাচন কমিশনার এবং, ক্ষেত্রমত, সাময়িকভাবে প্রধান নির্বাচন কমিশনার পদে অধিষ্ঠিত ব্যক্তি;

(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) "সচিব" অর্থ নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব বা সাময়িকভাবে তাহার দায়িত্ব পালনরত কোন ব্যক্তি;

৩। (১) নির্বাচন কমিশনের একটি নিজস্ব সচিবালয় থাকিবে এবং উহা নির্বাচন কমিশন সচিবালয় নামে অভিহিত হইবে।

(২) নির্বাচন কমিশন সচিবালয় সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তরের প্রশাসনিক আওতাধীন থাকিবে না।

(৩) নির্বাচন কমিশনের পক্ষে আইন প্রণয়ন সম্পর্কিত বিষয়াদি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হইবে।

(৪) নির্বাচন কমিশন সচিবালয় বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিযুক্ত একজন সচিব এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে গঠিত হইবে।

৪। (১) নির্বাচন কমিশন সচিবালয় নির্বাচন কমিশনের প্রয়োজনীয় সকল সাচিবিক দায়িত্ব পালন করিবে এবং নির্বাচন কমিশন কর্তৃক উহার উপর আরোপিত অন্যান্য যাবতীয় দায়িত্ব সম্পাদন করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত দায়িত্ব ছাড়াও নির্বাচন কমিশন সচিবালয় বিশেষ করিয়া নিম্নলিখিত দায়িত্ব পালন করিবে, যথা:-

(ক) নিম্নোক্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশনকে সার্বিক সহায়তা প্রদান, যথা:-

(১) জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচনের জন্য ভোটার তালিকা প্রস্তুতকরণ;

(২) জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচনী আসন সংক্রান্ত সীমানা নির্ধারণ;

(৩) রাষ্ট্রপতি, জাতীয় সংসদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ও ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচন পরিচালনাসহ উপ-নির্বাচন এবং গণভোট অনুষ্ঠান;

(৪) ভোট গ্রহণের নিমিত্ত সারাদেশে ভোটকেন্দ্র স্থাপন ও সরকারি গেজেটে প্রকাশ;

(৫) নির্বাচন কমিশনের সহিত নিবন্ধনকৃত রাজনৈতিক দল এবং পার্থীদের প্রতীক বরাদ্দ ও সংরক্ষণকরণ;

(৬) প্রত্যেক নির্বাচনের প্রাক্কালে সারাদেশে ভোট গ্রহণের ব্যবস্থাদি গ্রহণ এবং ভোট গ্রহণের নিমিত্ত ব্যক্তিবর্গ নিয়োগ, যেমনঃ-রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারবৃন্দ;

(৭) ব্যালট পেপার মুদ্রণ ও সরবরাহের ব্যবস্থা গ্রহণ;

(৮) ভোটকেন্দ্রে ব্যবহৃত সকল মালামাল সংগ্রহ ও রিটার্নিং অফিসারের নিকট সরবরাহের ব্যবস্থা গ্রহণ;

(৯) রাষ্ট্রপতি, জাতীয় সংসদ, গণভোট এবং স্থানীয় পরিষদের নির্বাচনের ফলাফল সংগ্রহ এবং প্রেরণ সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ;

(১০) প্রত্যেক নির্বাচনের ফলাফল একত্রীকরণ এবং সরকারি গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ;

(১১) স্থানীয় পরিষদে নির্বাচনী দরখাস্ত নিষ্পত্তির লক্ষ্যে ট্রাইব্যুনাল গঠন এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন;

(১২) গবেষণা, রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণের উদ্দেশ্যে নির্বাচনী তথ্য সংগ্রহ এবং একত্রীকরণ; এবং

(১৩) প্রত্যেক নির্বাচনের ব্যাপারে সামগ্রিক রির্পোট তৈরী ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

(খ) নির্বাচন কমিশন সচিবালয়ে কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশাসন ও নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা;

(গ) নির্বাচন কমিশনে বিভিন্ন আইনের অধীন দায়েরকৃত দরখাস্তসমূহের সংরক্ষণ, সে লক্ষ্যে নির্ধারিত ফিস আদায়করণ, উক্ত দরখাস্তের প্রেক্ষাপটে কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়ন এবং কমিশনের সিদ্ধান্তেও সত্যায়িত কপি সরবরাহকরণ;

(ঘ) নির্বাচন কমিশন সংক্রান্ত বা নির্বাচন কমিশনের কোন কর্মকর্তা ও কর্মচারীর ব্যাপারে কোন আদালত এবং ট্রাইব্যুনালের প্রদত্ত নির্দেশসমূহ বাস্তবায়ন;

(ঙ) নির্বাচন কমিশন কর্তৃক সাংবিধানিক দায়িত্ব পালনের ক্ষেত্রে করণীয় অন্যান্য বিষয়;

(চ) আর্থিক বিষয়াদিসহ নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসন সংক্রান্ত যাবতীয় বিষয়;

(ছ) নির্বাচন কমিশন সচিবালয়ের্ মাঠ পর্যায়ের অফিসসমূহের প্রশাসন ও নিয়ন্ত্রণ;

(জ) নির্বাচন কমিশন সচিবালয়ে ন্যস্ত বিষয়াদির ব্যাপারে অনুসন্ধান এবং পরিসংখ্যান তৈরী;

(ঝ) আদালতে আদায়যোগ্য ফিস ব্যতিরেকে নির্বাচন কমিশনের বিষয়াদি সংক্রান্ত ফিসসমূহ আদায়করণ;

(ঞ) নির্বাচন কমিশনের সভা আহবান, উহাতে সাচিবিক সহায়তা প্রদান ও উহার কার্যবিবরণী প্রস্তুতকরণ;

(ট) নির্বাচন কমিশনারগণের কার্যাবলী ও দায়িত্ব পালনের জন্য তাহাদিগকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(ঠ) নির্বাচন পর্যবেক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও এতদসংক্রান্ত কার্যাবলী;

(ড) আন্তঃ নির্বাচন কমিশন, ইউনিয়ন, কমনওয়েলথ নির্বাচন কমিশন এসোসিয়েশন ও সার্কভুক্ত দেশসমূহের নির্বাচন কমিশনের সহিত যোগাযোগ;

(ঢ) নির্বাচন কমিশন সচিবালয় সম্পর্কিত উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

(ণ) রাজনৈতিক দলসমূহের নিবন্ধন এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী;

(ত) প্রাসঙ্গিক কোন আইনের অধীনে অর্পিত যে কোন দায়িত্ব।

৫। (১) নির্বাচন কমিশন সচিবালয়ের সার্বিক নিয়ন্ত্রণ প্রধান নির্বাচন কমিশনের উপর ন্যস্ত থাকিবে এবং সচিব নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক প্রধান হইবেন।

(২) সচিব নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসন, শৃঙ্খলা বিধান এবং সচিবালয়ের উপর অর্পিত কার্যাদি যথাযথভাবে সম্পাদন করিবেন। তিনি এই আইন এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন বিধানাবলীর যথাযথ প্রতিপালন নিশ্চিত করিবেন এবং প্রধান নির্বাচন কমিশনারকে সচিবালয়ের কার্যাদি সম্পর্কে সময়ে সময়ে অবহিত করিবেন।

(৩) প্রধান নির্বাচন কমিশনার নির্বাচন কমিশন সচিবালয়ের দায়িত্ব বিধি বা স্থায়ী আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অন্য কোন কমিশনার কিংবা নির্বাচন কমিশন সচিবালয়ের কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

৬। (১) নির্বাচন কমিশন সচিবালয়, ধারা ৩(৩) এর বিধান সাপেক্ষে, সরকারের যে কোন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর বা অফিসের সহিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানের সহিত সরাসরি যোগাযোগ করিতে পারিবে।

(২) প্রধান নির্বাচন কমিশনার বিধি বা স্থায়ী আদেশ দ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ের কার্যাবলী বন্টন ও পরিচালনার ব্যবস্থা করিতে পারিবেন।

৭। (১) সরকার প্রতি অর্থ বৎসরে নির্বাচন কমিশনের ব্যয়ের জন্য, নির্বাচন কমিশন হইতে প্রাপ্ত প্রস্তাব বিবেচনাক্রমে, উহার অনুকূলে বাজেটে নির্দিষ্টকৃত অর্থ বরাদ্দ করিবে; এবং অনুমোদিত ও নির্ধারিত খাতে উক্ত বরাদ্দকৃত অর্থ হইতে ব্যয় করিবার ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করা নির্বাচন কমিশনের জন্য আবশ্যক হইবে না।

(২) এই ধারার বিধান দ্বারা সংবিধানের ১২৮ অনুচ্ছেদে প্রদত্ত মহাহিসাব-নিরীক্ষকের অধিকার ক্ষুণ্ন করা হইয়াছে বলিয়া ব্যাখ্যা করা যাইবে না।

৮। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৮৮ অনুচ্ছেদের বিধান অনুসারে প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে দেয় পারিশ্রমিক ও ভাতাদি,নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ও ভাতাদি এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সকল প্রশাসনিক ব্যয় সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় হইবে।

৯। (১) নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিযুক্ত হইবেন :

তবে শর্ত থাকে যে, উক্ত বিধি প্রণীত না হওয়া পর্যন্ত [১][ নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮], প্রয়োজনীয় অভিযোজন সহকারে, এর বিধান অনুসারে উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ নিযুক্ত হইবেন।

(২) [১][ নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮] এর অধীন নিযুক্ত এবং এই আইন কার্যকর হইবার অব্যবহিত পূর্বে নির্বাচন কমিশন সচিবালয়ে কিংবা অন্যত্র কার্যরত কর্মকর্তা ও কর্মচারীগণ, উক্ত সচিবালয়ে সরকার বা অন্য কোন সংস্থা হইতে বদলী কিংবা প্রেষণে কার্যরত কর্মকর্তা ও কর্মচারীগণ ব্যতীত, এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে উক্ত সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন।

১০। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের সপ্তম ভাগের অধীন নির্বাচন কমিশনের উপর ন্যস্ত দয়িত্ব পালনের জন্য অন্যান্য যেরূপ সংখ্যক কর্মচারীর প্রয়োজন হইবে, নির্বাচন কমিশন অনুরোধ করিলে রাষ্ট্রপতি নির্বাচন কমিশনকে সংবিধানের ১২০ অনুচ্ছেদের বিধান অনুযায়ী সেরূপ সংখ্যক কর্মচারী প্রদানের ব্যবস্থা করিবেন।

১১। এই আইনের বিধানাবলী সাপেক্ষে, প্রজাতন্ত্রের অসামরিক পদে নিযুক্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য চাকুরীর শর্তাবলী নির্বাচন কমিশন সচিবালয়ে নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১২। সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বেতন, ভাতা, ছুটি, ভবিষ্য তহবিল, গ্রাচ্যুইটি , পেনশন ও চাকুরীর অন্যান্য সুযোগ সুবিধা সংক্রান্ত আইন ও বিধিমালা, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, নির্বাচন কমিশন সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৩। নির্বাচন কমিশন সচিবালয়ে নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে গ্রহণীয় শৃংখলামূলক ব্যবস্থা বিধি দ্বারা নির্ধারিত হইবে :

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য শৃংখলা ও আপীল সংক্রান্ত আইন ও বিধিমালা, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৪। (১) নির্বাচন কমিশন সচিবালয়ের যাবতীয় দায়িত্ব সম্পাদনের জন্য সচিব প্রধান নির্বাচন কমিশনারের মাধ্যমে নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকিবেন।

(২) নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী, নির্বাচন কমিশনের সার্বিক নিয়ন্ত্রণে, সচিবের নিকট দায়ী থাকিবেন এবং সচিবের প্রত্যক্ষ তত্ত্বাবধানে তাহারা কাজ কর্ম পরিচালনা করিবেন।

১৫। কোন ব্যক্তি নির্বাচন কমিশনের সহিত কোন বিষয়ে যোগাযোগের প্রয়োজনবোধ করিলে তিনি সরাসরি সচিবের সহিত বা তাহার দায়িত্ব পালনরত অন্য কোন কর্মকর্তার সহিত যোগাযোগ করিতে পারিবেন।

১৬। নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য অনুমোদিত বাজেটে নির্ধারিত খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় অনুমোদনের ব্যাপারে নির্বাচন কমিশনই চূড়ান্ত কর্তৃপক্ষ হইবেন।

১৭। (১) সময়ে সময়ে নির্বাচন কমিশনের সাংগঠনিক কাঠামো (To&E) পর্যালোচনাপূর্বক পরিবর্তনের সুপারিশমালা প্রস্তুতকরণের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য একটি সাংগঠনিক কমিটি থাকিবে, যথা :-

(ক) প্রধান নির্বাচন কমিশনার-যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সকল নির্বাচন কমিশনার;

(গ) অতিরিক্ত সচিব পদমর্যাদার নিম্নে নয় অর্থ বিভাগের এমন একজন কর্মকর্তা;

(ঘ) অতিরিক্ত সচিব পদমর্যাদার নিম্নে নয় [৩][ জনপ্রশাসন মন্ত্রণালয়ের] এমন একজন কর্মকর্তা;

(ঙ) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়-যিনি উহার সদস্য সচিবও হইবেন।

(২) উপরি-উক্ত সাংগঠনিক কমিটির সুপারিশমালা বিবেচনাপূর্বক নির্বাচন কমিশনের সাংগঠনিক কাঠামো সরকার কর্তৃক চূড়ান্ত করা হইবে।

১৮। নির্বাচন কমিশন উহার কার্যাবলী ও কার্যপদ্ধতি সম্পর্কে জনসাধারণকে সম্যকভাবে অবহিত করিবার লক্ষ্যে যথাযথভাবে অবগতিমূলক কর্মসূচী গ্রহণের জন্য নির্বাচন কমিশন সচিবালয়কে নির্দেশ দিতে পারিবে এবং উক্ত নির্দেশ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় উক্তরূপ কর্মসূচীর ব্যবস্থা করিবে।

১৯। নির্বাচন কমিশন, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারবে।

২০। (১) নির্বাচন কমিশন সচিবালয় অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৫নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীনকৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১ “নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮” শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলি ‘‘The Election Commission (Officers and Staff) Rules, 1979’’ শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলির পরিবর্তে নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৮ নং আইন) এর ২ ধারাবলে প্রতিস্থাপিত।

২ “নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮” শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলি ‘‘The Election Commission (Officers and Staff) Rules, 1979’’ শব্দগুলি, বন্ধনী, কমা ও সংখ্যাগুলির পরিবর্তে নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৮ নং আইন) এর ২ ধারাবলে প্রতিস্থাপিত।

৩ “জনপ্রশাসন মন্ত্রণালয়ের’’ শব্দগুলি “সংস্থাপন মন্ত্রণালয়ের’’ শব্দগুলির পরিবর্তে নির্বাচন কমিশন সচিবালয় (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৮ নং আইন) এর ৩ ধারাবলে প্রতিস্থাপিত।